গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত ২০১৭-১৮ অর্থবছরের ৮ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
সভার তারিখ ও সময় : ২৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ দুপুর ০২:৩০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৩১, ভবন নম্বর-৭), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিত সদস্যগণের তালিকা : **পরিশিষ্ট-"ক"**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়।

২। সভায় এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম গঠন, উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, মূল্যায়ন, নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে প্রশিক্ষণ, প্রণোদনা ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অগ্রগতি পর্যালোচনা এবং মন্ত্রিপরিষদ বিভাগে ১৯.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভা (৩য় রাউন্ড) এর আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ইনোভেশন টিম গঠন/ পুনর্গঠন | ▪ প্রধান কার্যালয়, আঞ্চলিক/বিভাগীয় অথবা সম পর্যায়ের কার্যালয়/দপ্তরে ১ জন ইনোভেশন অফিসার ও অন্য ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে ইনোভেশন টিম গঠন/পুর্নগঠন করে টিমের তথ্য এ বিভাগকে অবহিত করতে হবে। লক্ষ্য করা গেছে অধিকাংশ দপ্তর/সংস্থা টিমের হালনাগাদ তথ্য এ বিভাগে প্রেরণ করেনি।<br>▪ ইনোভেশন কার্যক্রম ক্রমান্বয়ে মাঠ/শাখা পর্যায়ে বিস্তৃত করতে হবে। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |
| ২. | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন প্রতিবেদন দাখিল | ▪ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনা ও মূল্যায়ন প্রতিবেদন যথাযথভাবে প্রণয়ন করে আগামী জুলাই ২০১৮ তারিখের মধ্যে এ বিভাগে প্রতিবেদনসমূহ প্রেরণ নিশ্চিত করবে।<br>▪ প্রণীত বার্ষিক কর্মপরিকল্পনা ও মূল্যায়ন স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করবে। **জুন ২০১৮** এর মধ্যে ১০০% বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |
| ৩. | ইনোভেশন টিমের সদস্যদের ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন ও প্রশিক্ষণের জন্য কর্মকর্তাদের নামের তালিকা প্রেরণ | ▪ ইনোভেশন টিমের সদস্যদের ৫ দিনের প্রশিক্ষণের জন্য প্রত্যেক দপ্তর/সংস্থার প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০০ জন কর্মকর্তার (ছোট প্রতিষ্ঠানের ক্ষেত্রে কর্মকর্তার সংখ্যা কম হতে পারে) তালিকা এটুআই এ প্রেরণ করে এ বিভাগকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছিল।<br>▪ প্রশিক্ষণ যথাশীঘ্রই সম্পন্নের জন্য এটুআই এর সাথে এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>▪ ৫ দিনব্যপি প্রশিক্ষণ আয়োজনে ব্যাংকসমূহের ক্ষেত্রে কর্মক্ষেত্রে বিঘ্নতা সৃষ্টি হতে পারে বিধায় সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে শুক্র ও শনিবারকে কাজে লাগিয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>▪ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দ্রুত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>▪ যে সকল প্রতিষ্ঠান পরিসরে ছোট এবং কর্মকর্তা ৫০ জনের কম সে সকল প্রতিষ্ঠানসমূহ এটুআই এর সাথে যোগাযোগ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | করে যৌথভাবে আগামী সভার পূর্বেই ৫দিন ব্যাপি প্রশিক্ষণ সম্পন্ন করে এ বিভাগকে অবহিত করবে। | |
| ৪. | ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠান | ▪ প্রতিমাসে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থাকে ইনোভেশন টিমের সভা করে সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। পাশাপাশি এ বিভাগে অনুষ্ঠিত ইনোভেশন সভার সিদ্ধান্তসমূহ দপ্তর/সংস্থার মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং সে অনুযায়ী সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য কার্যকারী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>▪ সভা আয়োজনের লক্ষ্যে প্রদত্ত চেক লিষ্টটি নির্ধারিত সময়ের পূর্বেই (সফটকপি 2dr.faisal@gmail.com ই-মেইলে) এ বিভাগে প্রেরণ নিশ্চিৎ করতে হবে।<br>▪ প্রেরীত তথ্য কর্মপরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ন ও যৌক্তিক হতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৫. | মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগের তথ্য সংগ্রহ | ▪ দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়ে সেবা প্রক্রিয়া সহজীকরণের জন্য বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উদ্ভাবনী কার্যক্রমের তালিকা প্রস্তুত ও মনিটর করতে হবে।<br>▪ এ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>▪ উদ্ভাবনী ধারণা প্রদানের বিষয়ে কম খরচ ও নাগরিক সেবাকে প্রাধান্য দিতে হবে পাশাপাশি সময় ও খরচ কমিয়ে আনতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৬. | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা কর্তৃক মাঠ পর্যায়ের উদ্যোগ পর্যালোচনা ও শোকেসিং | ▪ দপ্তর/সংস্থার উদ্ভাবনী উদ্যোগসমূহ ইনোভেশন টিমের সভায় আনুষ্ঠানিকভাবে পর্যালোচনা ও শোকেসিং করতে হবে এবং নিয়মিতভাবে মাঠ পর্যায়ের উদ্যোগ পর্যালোচনা করতে হবে।<br>▪ আগামী **জানুয়ারি ২০১৮ এর** মধ্যে তালিকাভুক্ত সকল পাইলট প্রকল্পের শোকেসিং সম্পন্ন করে এ বিভাগকে অবহিত করতে হবে এবং উদ্ভাবনী ধারণাসমূহ শোকেসিং এর লক্ষ্যে ইতোমধ্যে এ বিভাগে প্রদর্শিত ধারণাসমূহ মতামত/পরামর্শ অনুযায়ী প্রস্তুত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>▪ এছাড়া ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে সমাপ্তকৃত ৫দিনের প্রশিক্ষণ হতে প্রাপ্ত আইডিয়াসমূহ পর্যায়ক্রমে শোকেসিং এর ধারা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| | | ▪ আগামী ২৯.০৩.২০১৮ তারিখে এ বিভাগ ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে দিনব্যাপি শোকেসিং সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় এ বিভাগ ও a2i কর্তৃক ইতোপূর্বে নির্বাচিত উদ্ভাবনী ধারণাটি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে ইতোমধ্যে ধারণা প্রদান করা হয়েছে। প্রয়োজনে এ বিভাগের ও এটুআই এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। শোকেসিং কর্মশালাকে সাফল্যমন্ডিত করণের লক্ষ্যে আগামী ১১.০২.২০১৮ তারিখ অনুষ্ঠিতব্য পূর্ব প্রস্তুতিমূলক প্রদর্শনী/ফিডব্যাক সভায় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অংশগ্রহণ করতে হবে। | সোনালী, জনতা, অগ্রণী, রূপালী, বিএইচবিএফসি, আইসিবি, বাকৃবি, রাকাব, আনসার-ভিডিপি, বিডিবিএল, প্রবাসী কল্যাণ, পল্লী সঞ্চয় ব্যাংক, সাধারণ বীমা, জীবন বীমা, পিকেএসএফ, এসডিএফ, বিআইসিএম, বিআইএ। |

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭. | **উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং, রেপ্লিকেশন ও পরিদর্শন** | ▪ উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং-এর ব্যবস্থা করতে হবে ও যে সকল দপ্তর/সংস্থা পাইলট প্রকল্পের তালিকা এ বিভাগে প্রেরণ করেনি তারা পাইলট প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করে তালিকা এ বিভাগে প্রেরণ করবে। পাইলট প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শনের জন্য এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আমন্ত্রণ জানাতে হবে।<br>▪ রেপ্লিকেশন/স্কেল আপের জন্য উদ্যোগ চিহ্নিত করতে হবে। রেপ্লিকেশনের সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য মাঠ পর্যায়ে তাগিদ প্রদান করতে হবে।<br>▪ রেপ্লিকেশন কার্যক্রমগুলির ছবি, হালনাগাদ তথ্য ও স্টোরি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। রেপ্লিকেশনের জন্য গৃহীত প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৮. | নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ অব্যাহত রাখা | ▪ এটুআই এর সহায়তায় নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে দুই দিনের প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। এ প্রশিক্ষণে এ বিভাগের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। যে সকল দপ্তর/সংস্থা এখন পর্যন্ত ২য় ব্যাচ এর প্রশিক্ষণ সম্পন্ন করতে পারেনি তারা এটুআই এর সহায়তায় নিজ উদ্যোগে ২য় ব্যাচের প্রশিক্ষণ আগামী সভার পূর্বেই সম্পন্ন করবেন।<br>▪ দুই দিনের কর্মশালা থেকে প্রাপ্ত আইডিয়াগুলো নিয়ে আলোচনা ও পর্যলোচনা করে তা পাইলটিং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৯. | এসএমএস-এর মাধ্যমে গ্রাহককে ব্যাংক হিসাবের তথ্য জানানোর ব্যবস্থা চালু | ▪ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে যেসকল বাণিজ্যিক ব্যাংকের গ্রাহকের টাকা জমা ও উত্তোলনের তথ্য এসএমএস-এর মাধ্যমে গ্রাহককে জানানোর ব্যবস্থা অদ্যাবধি সম্পন্ন করা হয়নি সেসকল বানিজ্যিক ব্যাংকসহ অন্যান্য রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকগুলিকে এ বিষয়ে গৃহীত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | রাষ্ট্রমালিকানাধীন সকল ব্যাংক |
| ১০. | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য কর্মকর্তাগণকে প্রণোদনা প্রদান ও বাজেট বরাদ্দ | ▪ ইনোভেশন কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন, মনিটরিং ও প্রণোদনা প্রদানের জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে পৃথক বরাদ্দ রাখতে হবে।<br>▪ ইনোভেশনের জন্য পুরস্কার/ স্বীকৃতি/ প্রণোদনা প্রদান (সার্টিফিকেট/ ক্রেস্ট/ থ্যাংকস লেটার/ ইনসেনটিভ) ইত্যাদি অব্যাহত রাখতে হবে। আর্থিক প্রতিষ্ঠনের ক্ষেত্রে পুরস্কার হিসেবে নগদ অর্থ প্রদানের বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে। বাজেট বরাদ্দের বিষয়ে এসডিএফ-কে রক্ষণশীল হতে হবে।<br>▪ অনুমোদিত উদ্যোগসমূহের নাম ও উদ্ভাবকগণের তালিকা প্রণয়নপূর্বক বছরান্তে মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i এ প্রেরণ করে এ বিভাগকে অবহিত করতে হবে। | এসডিএফ ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| | | ▪ চলমান ২০১৭-১৮ অর্থবছরে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে এ সংক্রান্ত কোন বরাদ্দ নাই। এমতাবস্থায়, উদ্ভাবনী কার্যক্রমের পরিসর বৃদ্ধি পাওয়ায় সংশোধিত বাজেটের সংশ্লিষ্ট খাতে ৫০ হাজার টাকা ও ২০১৮-১৯ অর্থবছরের জন্য ১ লক্ষ টাকা অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণের জন্য বাজেট শাখাকে অনুরোধ করতে হবে। | বাজেট অধিশাখা, এফআইডি |
| ১১. | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য কর্মকর্তাগণকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ | বিদেশ ট্যুর এর ক্ষেত্রে আরো উদ্যোগী হতে হবে এবং এক্ষেত্রে একটি সফল স্বার্থক ট্যুর করার জন্য "উদ্ভাবন দেখা যায় এবং শেখা যায়" এমন কয়েকটি দেশ নির্বাচন করা যেতে পারে। উদ্ভাবকদের এক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |

-৩৫৭-

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১২. | মেন্টরিং ও মেন্টর প্রশিক্ষণ আয়োজন | ▪ মেন্টর প্রশিক্ষণের জন্য প্রতিটি দপ্তর/সংস্থা'র ৫ জন কর্মকর্তার তালিকা প্রণয়ন করে এটুআই প্রোগ্রামে প্রেরণ পূর্বক এ বিভাগকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়েছিল।<br>▪ প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্য হতে মেন্টর নির্বাচনের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং ToT এর সংখ্যা বাড়াতে হবে।<br>▪ জানুয়ারি ২০১৮ এর মধ্যে ২ দিনের মেন্টরিং কর্মশালা সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ১৩. | ট্রেনিং ইনস্টিটিউট/ প্রশিক্ষণ কেন্দ্রের কোর্স কারিকুলামে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক মডিউল | ▪ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ট্রেনিং ইনস্টিটিউট/ প্রশিক্ষণ কেন্দ্রের কোর্স কারিকুলামে 'নাগরিক সেবায় উদ্ভাবন' ও 'ডিজিট্যাল বাংলাদেশ' বিষয়ক মডিউল যুক্ত করে ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণ কোর্সে এ বিভাগের প্রতিনিধিদের আমন্ত্রণ জানাতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ১৪. | ইনোভেশন কর্নার ও দপ্তরভিত্তিক ফেসবুক পেজ তৈরি (সোশ্যাল মিডিয়ার ব্যবহার) এবং দাপ্তরিক কাজে সিদ্ধান্ত গ্রহণ করার দৃষ্টান্তের সংখ্যা (বিষয়সহ) | ▪ যে সকল দপ্তর/সংস্থা দাপ্তরিক ওয়েবসাইটে ইনোভেশন কর্নার ও ফেইসবুক পেজ এখনও তৈরি করেনি তাদেরকে অনতিবিলম্বে ইনোভেশন কর্নার ও দাপ্তরিক ফেইসবুক পেজ প্রস্তুত করে এর লিংক ই-মেইলে 2dr.faisal@gmail এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>▪ দপ্তরভিত্তিক ফেসবুক পেজ তৈরির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারিকৃত সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬ অনুসরণ করতে হবে।<br>▪ সোশ্যাল মিডিয়ার ব্যবহার করে দাপ্তরিক কাজে সিদ্ধান্ত গ্রহণ করার দৃষ্টান্ত (বিষয়সহ) তুলে ধরতে হবে এবং সরকারের 'পাবলিক সার্ভিস ইনোভেশন' নামক ফেসবুক পেজে যুক্ত থাকতে হবে।<br>▪ ইনোভেশন কর্নার প্রস্তুতের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স শাখা-২ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ১৫. | পাইলট প্রকল্পের অগ্রগতি ও নিয়মিত পর্যালোচনা | ▪ আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত পাইলট প্রকল্পের তালিকা প্রনয়ণ করতে হবে এবং বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত মনিটর করতে হবে। ২০১৭ সালের পাইলট প্রকল্পের তালিকা ও বাস্তবায়ন অগ্রগতির তথ্য এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>▪ যে সকল প্রতিষ্ঠান এখনো কোন উদ্ভাবন প্রকল্প গ্রহণ করতে পারেনি তাদেরকে মাঠ পর্যায়ে/পৌরসভা পর্যায়ে দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণকে সেবামূলক উদ্ভাবন প্রকল্প গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে।<br>▪ অনুমোদিত প্রকল্পসমূহের outcome study সম্পন্ন করে এ বিভাগের মাসিক সভায় অবহিত করতে হবে। outcome study এর ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের সহায়তা নেয়া যায়। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ১৬. | নতুন নতুন উদ্ভাবনী প্রকল্প/ ক্ষুদ্র উদ্ভাবনী প্রকল্প (Small Improvement Project-SIP) বাস্তবায়ন | ▪ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ বাস্তবায়নের লক্ষ্যে নতুন উদ্ভাবনী প্রকল্প/ ক্ষুদ্র মানোন্নয়ন প্রকল্প (Small Improvement Project-SIP) এর তালিকা নির্ধারিত ফরম অনুযায়ী আগামী ৩১ মার্চ ২০১৮ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>▪ ক্ষুদ্র মানউন্নয়ন প্রকল্প বলতে নিজ কর্মক্ষেত্রে ছোট ছোট উদ্ভাবনকে বুঝায় যা কর্মপরিবেশ উন্নয়ন ও দ্রুত নাগরিক সেবা প্রদানে সহায়ক ভূমিকা রাখে। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম ও দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক টিম |
| ১৭. | ইনোভেশন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ও ত্রৈমাসিক বুলেটিন প্রকাশ | ▪ এ বিভাগে ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ক্ষেত্রে ইনোভেশন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন ও ত্রৈমাসিক বুলেটিন প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>▪ আগামী জুলাই ২০১৮ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন ও | আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ইনোভেশন সংক্রান্ত পুস্তিকা প্রকাশ কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- |
| | | ত্রৈমাসিক বুলেটিন স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিম |
| ১৮. | ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে সম্পাদন ও বাস্তবায়ন | ▪ এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে সম্পাদন ও বাস্তবায়নের লক্ষ্যে স্ব স্ব ইনোভেশন টিমের সহায়তায় ইনোভেশন ইউনিট/সেল নামক ডেস্ক চালু করতে হবে।<br>▪ এ সংক্রান্ত দাপ্তরিক কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক এ বিভাগে তথ্য প্রেরণ নিশ্চিৎ করতে হবে।<br>▪ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তার কার্যপরিধি উল্লেখসহ নিয়মিত ই-মেইল চেক এবং এ বিভাগে যোগাযোগ ও এসংক্রান্ত তথ্য প্রেরণের বিষয়ে সার্বক্ষণিক তৎপর থাকতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা ও আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম |
| ১৯. | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম" বাস্তবায়ন | ▪ এ বিভাগ কর্তৃক গৃহীত উদ্যেগে "অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম" দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংকসমূহকে সার্বিক সহযোগীতা প্রদান করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট উদ্যোক্তার ফিডব্যাক গ্রহণ ও মন্ত্রণালয়ে প্রদর্শনের জন্য হোস্টিং সাপোর্ট ও পর্যাপ্ত প্রোগ্রামার এর সহায়তা প্রদান করতে হবে। প্রকল্পটির বাস্তবায়ন আগামী এপ্রিল ২০১৮ এর মধ্যে সম্পন্নের লক্ষ্যে হোস্টিং সাপোর্ট প্রদান ও পর্যাপ্ত প্রোগ্রামার নিযুক্তের বিষয়ে রূপালী ব্যাংককে সার্বিক সহায়তা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব ফয়সল আহমদ, প্রকল্প উদ্যোক্তা, এফআইডি ও রূপালী ব্যাংক লিমিটেড |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০২/১৮

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
যুগ্মসচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর ৫৩.০০.০০০০.২১২.৩২.০০৩.১৮-৪৫

তারিখ: ২৮.০২.২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা [দৃ.আ: জনাব দেবদুলাল রায়, মহাব্যবস্থাপক ও ইনোভেশন অফিসার]।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, আগারগাঁও, ঢাকা [দৃ.আ: জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক ও ইনোভেশন অফিসার]।
৩. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা বা/এ, ঢাকা [দৃ.আ: জনাব আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হক, পরিচালক ও ইনোভেশন অফিসার]।
৪. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেঁশা প্লাজা (৭ম তলা), বড়মগবাজার, ঢাকা-১২১৭ [দৃ.আ: জনাব মোহাম্মদ আবদুল হক, পরিচালক ও ইনোভেশন অফিসার]।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালকও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিএইচবিএফসি/ আইসিবি/ বাকৃবি/রাকাব/ আনসার-ভিডিপি/ বিডিবিএল/ প্রবাসী কল্যাণ/ কর্মসংসহান/ পল্লী সঞ্চয় ব্যাংক/ সাধারণ বীমা কর্পোরেশন/জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, সোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড হাউস, হোল্ডিং ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা।
১০. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।

অ.পৃ.দ্র.

১১. পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
১২. জনাব মোঃ মতিয়ার রহমান, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৩. জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৪. জনাব মোঃ মনিরুল ইসলাম, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৫. জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৬. জনাব সুমন আনোয়ার মাহমুদ, প্রোগ্রামার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে :

১. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪/৩/১৮

(মোহাম্মদ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪২৪৪